

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রকল্প বাস্তবায়ন-১ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.hsd.gov.bd

নম্বর: ৪৫.০০.০০০০.১৭৫.০২.০০২.২০-৩৬

তারিখ: ১৭ বৈশাখ, ১৪৩৩ বঙ্গাব্দ
৩০ এপ্রিল, ২০২৬ খ্রিস্টাব্দ

প্রাপক: চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
হিসাবভবন, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।

বিষয়: “জামালপুর মেডিকেল কলেজ ও হাসপাতাল এবং নার্সিং কলেজ, জামালপুর স্থাপন (২য় সংশোধিত)” (কোড নং-২২৪০২১০১৩) শীর্ষক প্রকল্পের অনুকূলে ১ম ও ২য় কিস্তির অর্থছাড়।

সূত্র: অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের স্মারক নং- ০৭.১০৪.০২০.২৭৪১.৩৬.২০১৮-১০৮১, তারিখ: ২৬/০৪/২০২৬ খ্রি.

মহোদয়,

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে নির্দেশিত হয়ে স্বাস্থ্য সেবা বিভাগের অধীন স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন “জামালপুর মেডিকেল কলেজ ও হাসপাতাল এবং নার্সিং কলেজ, জামালপুর স্থাপন (২য় সংশোধিত)” (কোড নং-২২৪০২১০১৩) শীর্ষক প্রকল্পের অনুকূলে ২০২৫-২০২৬ অর্থ বছরে আরএডিপি বরাদ্দ সর্বমোট ৫৯৯৯.০০ লক্ষ (উনষাট কোটি নিরানব্বই লক্ষ) টাকার বিপরীতে জিওবি খাতে ১ম ও ২য় কিস্তিতে মোট ২৯৯৯.৫০ লক্ষ (উনত্রিশ কোটি নিরানব্বই লক্ষ পঞ্চাশ হাজার) টাকা যার মধ্যে (রাজস্ব ১০৬.০০ লক্ষ+ মূলধন ২৮৯৩.৫০ লক্ষ) টাকা নিম্নবর্ণিত শর্তে ছাড়করণে সরকারি মঞ্জুরি জ্ঞাপন করছি:

শর্তাবলী:

(ক) ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে Public Procurement Act-2006 এবং The Public Procurement Rules-2025

অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পালন করতে হবে;


(খ) অব্যয়িত অর্থ (যদি থাকে) ৩১ ডিসেম্বর ২০২৬ তারিখের মধ্যে সমর্পণ করতে হবে;

(গ) বরাদ্দকৃত অর্থ এ খাত ব্যতীত অন্য কোন খাতে ব্য করা যাবে না; এবং

(ঘ) অর্থ বিভাগ কর্তৃক জারিকৃত পরিপত্র নং ০৭.১০১.০২০.০০.০০৯.২০২২-০৫, তারিখ ০৪/০৭/২০২৪ অনুযায়ী এ অর্থ ব্যয় করতে হবে।

০২। মূলধন ও রাজস্ব খাতের নির্দিষ্ট ব্যয় খাত অনুসারে এবং অর্থ বিভাগের ২০.০৬.২০১৮ তারিখের নং- ০৭.১১১.০৩১.০১.০০.০৬১.২০১২-৫১৮ স্মারকের অধীনে স্বাস্থ্য সেবা বিভাগকে যে ক্ষমতা অর্পণ করা হয়েছে সে অনুযায়ী এ আদেশ জারি করা হলো।

৩। স্বাস্থ্য সেবা বিভাগের প্রকল্প বাস্তবায়ন-১ শাখার ২৬/০২/২০২৬ তারিখের ৪৫.০০.০০০০.০০০.১৭৫.০২.০০০১.২৬.৯ সংখ্যক স্মারকে জারিকৃত আদেশ এতদ্বারা বাতিল করা হলো।


(খন্দকার ইসতিয়াক আহমেদ)
যুগ্মসচিব
ফোনঃ-০২-৫৫১০১২৫৯

নম্বর: ৪৫.০০.০০০০.১৭৫.০২.০০২.২০-৩৬/ ১(৮)

তারিখ: ১৭ বৈশাখ, ১৪৩৩ বঙ্গাব্দ
৩০ এপ্রিল, ২০২৬ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। বিভাগ প্রধান (অতিরিক্ত সচিব), স্বাস্থ্য উইং, আর্থ-সামাজিক অবকাঠামো/কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলানগর, ঢাকা
- ৩। প্রকল্প পরিচালক, “জামালপুর মেডিকেল কলেজ ও হাসপাতাল এবং নার্সিং কলেজ, জামালপুর স্থাপন (২য় সংশোধিত)” শীর্ষক প্রকল্প, জামালপুর।
- ৪। উপসচিব (বাজেট-৪), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৬। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৭। অতিরিক্ত সচিব (আ.ব্য ও অ) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৮। যুগ্মসচিব (প্রকল্প বাস্তবায়ন অধিশাখা) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

(খন্দকার ইসতিয়াক আহমেদ)
যুগ্মসচিব